

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
অডিট-৩ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০৫০.০০.০০০.২০১৬-১৯১

তারিখ: ২৫/০৭/২০১৭ খ্রি:।

বিষয়: জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন নির্বাহী প্রকৌশলী, সিরাজগঞ্জ, পাবনা, ফরিদপুর, গাইবান্ধা, রাজবাড়ী ও গোপালগঞ্জ জেলা কার্যালয়ের ২০১৪-২০১৫ এবং ২০১৫-২০১৬ আর্থিক বছরের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত গুরুতর আর্থিক অনিয়ম সংক্রান্ত।

সূত্র: আধাসরকারি পত্র নং-ডিজি/পূর্ত অডিট/রি-৭/ আধা-সরকারিপত্র/০৬১(১)/১৯৩১ তারিখ: ১৮/০৭/১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত আধাসরকারি পত্রের ছায়ািলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। সূত্রোক্ত ডি.ও পত্রে উল্লেখিত ২১(একুশ)টি অডিট আপত্তিকে গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে বিবেচনাপূর্বক অগ্রিম অনুচ্ছেদ আকারে নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তিমূলক অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। জবাব পাওয়া না গেলে পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক পরবর্তী পদক্ষেপ হিসেবে “গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৮ অনুচ্ছেদ অনুযায়ী অডিট আপত্তিগুলো বাংলাদেশের কম্পিউটার এন্ড অডিটর জেনারেলের অডিট রিপোর্টে অন্তর্ভুক্তির ব্যবস্থা গৃহীত হবে এবং সংবিধানের ১৩২ অনুচ্ছেদ অনুযায়ী অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির মাধ্যমে জাতীয় সংসদে উপস্থাপন করা হবে”।

০২। বর্ণিত অবস্থায়, অডিট অধিদপ্তর হতে প্রাপ্ত পত্রে উল্লেখিত অডিটের মন্তব্য অনুযায়ী নির্বাহী প্রকৌশলী, সিরাজগঞ্জ, পাবনা, ফরিদপুর, গাইবান্ধা, রাজবাড়ী ও গোপালগঞ্জ জেলা কার্যালয়ের ২০১৪-২০১৫ এবং ২০১৫-২০১৬ আর্থিক সালের ০২ (দুই) প্রস্থ নিষ্পত্তিমূলক ব্রডশীট জবাব আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিনা ব্যর্থতায় এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো: কোন কার্যালয় হতে সথাসময়ে জবাব পাওয়া না গেলে অডিট আপত্তির বিষয়ে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি: বর্ণনামতে।

স্বা: /

(মো: ইফতেখার আহমেদ চৌধুরী)

উপসচিব

ফোন: ৯৫৭৭২০১

E-mail: iftikherchy@gmail.com

প্রধান প্রকৌশলী,  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,  
কাকরাইল, ঢাকা।

স্মারক নং-৪৬.০০.০০০০.০৫০.০০.০০০.২০১৬-১৯১/১(৭)

তারিখ: ২৫/০৭/২০১৭ খ্রি:।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
- ০২। যুগ্ম-সচিব (অডিট/পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ০৩। মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিরাজগঞ্জ, পাবনা, ফরিদপুর, গাইবান্ধা, রাজবাড়ী ও গোপালগঞ্জ জেলা কার্যালয়।
- ০৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। অফিস কপি/মাষ্টার কপি।

(মো: ইফতেখার আহমেদ চৌধুরী)

উপসচিব

ফোন: ৯৫৭৭২০১

E-mail: iftikherchy@gmail.com